২০১৬ পর্যন্ত সৈন্য রাখার মার্কিন পরিকল্পনা, ----- তালেবানের প্রত্যাখ্যান,

আফগানিস্তানের ২০১৬ সালের শেষ নাগাদ সৈন্য রাখার যুক্তরাষ্ট্র পরিকল্পনা প্রত্যাখ্যান করেছে। বুধবার তালেবান বিদ্রোহীরা শেষ বিদেশী সৈন্য প্রত্যাহার না করা পর্যন্ত দখলদারদের বিরুদ্ধে যুদ্ধ ঢালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওমাবা মঙ্গলবার আফগানিস্তানের যুক্তরাষ্ট্রের কৌশলের রূপরেখা ভুলে ধরে বলেন, ২০১৬ সালের শেষ নাগাদ দেশটিতে যুক্তরাষ্ট্রের সৈন্য থাকবে।

এদিকে বুধবার আফগানিস্তানের পশ্চিমাঞ্চলীয় হেরাত নগরীতে বুধবার যুক্তরাষ্ট্রের কনস্যুলেটে এক হামলায় দুই যুক্তরাষ্ট্রের নাগরিক সামান্য আহত হয়েছেন।

তালেবান বিদ্রোহীরা ওবামার ঘোষণা প্রত্যাখ্যান করে বলেছে, আফগানিস্তান খেকে যুক্তরাষ্ট্রের সৈন্য সম্পূর্ণভাবে প্রত্যাহার না করা পর্যন্ত তারা যুদ্ধ চালিয়ে যাবে।

ভালেবানরা এক বিবৃত্তিতে ২০১৬ পর্যন্ত আফগানিস্তানে 'যুক্তরাষ্ট্রের দখলদারিত্ব অব্যাহত রাখার পরিকল্পনা'র নিন্দা জানিয়ে বলা হয়, তারা এটিকে সার্বভৌমত্ব, ধর্ম ও মানবাধিকারের লংঘন বলে মনে করে।

এতে বলা হয়, 'যুক্তরাষ্ট্রের নেতাদের তারা যা দু'বছর করার পরিকল্পনা করছেন তা এথনই করা উচিত। আফগানিস্তানে একটিও যুক্তরাষ্ট্রের সৈন্য থাকলে তা আমাদের জাতির কাছে গ্রহণযোগ্য হবে না এবং তাদের বিরুদ্ধে জিহাদ চলবে।'

ন্য়া দিগন্ত অনলাইন